

অভিজ্ঞান রাজন নন্দী

সেদিন ও ছিল দুপুর এমন . . .

আমার চিলেকোঠার ঘরে আমি আর আমার অলস কেশর
আলসেতে ঠেস দিয়ে দেখছিলাম চড়াইয়ের হুটোপুটি।
তুমি সেই যে এলে একদম টের পাইনি !

এতদিনের উদাস দুপুর সেদিন উদার হলো।
তারপরও এই কবিতা আর বেশী এগুলো না !
আমার এমন অনেক গুলো কবিতায়
অমন সব দুপুরের গল্প না বলা রয়ে গেছে।

একবার আমরা রিকশাতে
তুমুল বৃষ্টি; তবু হুড ফেলে দিয়ে তুমি ঘোর লাগা চোখে চাইলে!
বললে, তোমার সাথে বৃষ্টিতে ভেজার স্বপ্ন আমার অনেক দিনের।
সেবার সে বৃষ্টি চলল টানা সাতদিন - আমরা ভিজলাম !

আমার স্ত্রী এক জোছনা ভুক মেয়ে
হঠাৎ হঠাৎ সে আমায় বলে, চল না জোছনা মাখি গায়!
আমি নানা অজুহাতে সে ইচ্ছা অপূর্ণ রাখি,
বড় সেয়ানা যে এখন আমি।

